

জাত পরিচিতি

ব্রি ধান৮৮ বোরো মৌসুমের স্বল্প মেয়াদি ধানের জাত। এর কৌলিক সারি BRR1 dhan29-SC3-28-16-10-8-HR1(Com). উক্ত কৌলিক সারিটি সোমাক্লোনাল ভ্যারিয়েশনের মাধ্যমে উদ্ভাবিত এবং প্রচলিত পদ্ধতিতে কৌলিক বাছাই এর মাধ্যমে ও পরবর্তীতে ব্রি আঞ্চলিক কার্যালয় কুমিল্লায় শীষ থেকে সারি পদ্ধতিতে চূড়ান্ত কৌলিক সারি নির্বাচন করা হয়। ব্রির বিভিন্ন আঞ্চলিক কার্যালয় এবং দেশের বিভিন্ন অঞ্চলে (ব্রি ধান২৮ জাতের চাষাবাদ এলাকা) ফলন পরীক্ষায় সন্তোষজনক হওয়ায় জাতীয় বীজ বোর্ড কর্তৃক বোরো মৌসুমের জন্য ২০১৮ সালে ব্রি ধান৮৮ জাত হিসাবে ছাড়করণ করা হয়।



ব্রি ধান৮৮

জাতের বৈশিষ্ট্য

- ▶ ব্রি ধান৮৮ এ আধুনিক উফশী ধানের সকল বৈশিষ্ট্য বিদ্যমান।
- ▶ এ জাতটি ব্রি ধান২৮ এর চেয়ে খাটো এবং ঢলে পড়া সহিষ্ণু।
- ▶ ডিগপাতা খাড়া, লম্বা এবং ধান পাকার পরে সবুজ থাকে।
- ▶ চালের আকার-আকৃতি মাঝারি চিকন ও ভাত ঝরঝরে।
- ▶ চালে অ্যামাইলোজের পরিমাণ ২৬.৩% এবং প্রোটিন ৯.৮%।
- ▶ ১০০০ টি পুষ্ট ধানের ওজন ২২.১ গ্রাম।
- ▶ জাতের অন্যতম বৈশিষ্ট্য হলো শীষ থেকে ধান ঝরে পড়ে না।

এ জাতের বিশেষ প্রয়োজনীয়তা

ব্রি ধান৮৮ এর জীবনকাল ব্রি ধান২৮ এর চেয়ে ৩-৪ দিন আগাম হওয়ায় হাওর অঞ্চলে চাষাবাদ করা যেতে পারে। এ জাতটি ঢলে পড়া প্রতিরোধ ক্ষমতা সম্পন্ন ও শীষ থেকে ধান ঝরে পড়ে না বিধায় যন্ত্রের সাহায্যে ধান কাটা যেতে পারে।

জীবনকাল

জাতটির জীবন কাল ১৪০-১৪৩ দিন।

ফলন

প্রতি হেক্টরে গড়ে ৭.০ টন এবং উপযুক্ত পরিচর্যা পেলে প্রতি হেক্টরে ৮.৫ টন/হেক্টর পর্যন্ত ফলন দিতে সক্ষম।

চাষাবাদ পদ্ধতি

১. বীজ তলায় বীজ বপনঃ বীজ বপনের উপযুক্ত সময় হলো ০১-১৬ অগ্রহায়ণ অর্থাৎ (১৫-৩০ নভেম্বর)।
২. চারার বয়স ও রোপণ দূরত্বঃ ৩৫-৪০ দিনের চারা ২৫ সেমি × ১৫ সেমি ব্যবধানে রোপন করতে হবে।
৩. চারার সংখ্যাঃ প্রতি গোছায় ২-৩টি করে।
৪. চাষের জন্য উপযুক্ত জমিঃ মাঝারি উঁচু থেকে উঁচু জমি এ ধান চাষের জন্য উপযুক্ত।

৫. সার ব্যবস্থাপনা (কেজি/বিঘা)ঃ

৫.১ ইউরিয়া টিএসপি এমপি জিপসাম দস্তা (জিংক সালফেট)

৩৩	১৩	২০	১৫	১.৫
----	----	----	----	-----

৫.২ সর্বশেষ জমি চাষের সময় সবটুকু টিএসপি, অর্ধেক এমওপি, জিপসাম এবং জিংক সালফেট সার একসাথে মিশিয়ে দিতে হবে। ইউরিয়া সার তিন কিস্তিতে যথা- রোপনের ১০-১৫ দিন পর ১ম কিস্তিতে ৫০%, ২৫-৩০ দিন পর ২য় কিস্তিতে ৩০% এবং ৪০-৪৫ দিন পর ৩য় বা শেষ কিস্তিতে ২০% প্রয়োগ করতে হবে। এমওপি সারের বাকী অর্ধেক ৩য় কিস্তি ইউরিয়ার সাথে প্রয়োগ করতে হবে।

৬. আগাছা দমনঃ রোপনের পর ৪০-৪৫ দিন পর্যন্ত জমি আগাছামুক্ত রাখতে হবে।

৭. সেচ ব্যবস্থাপনাঃ খোড় অবস্থা থেকে দুধ অবস্থা পর্যন্ত জমিতে পর্যাপ্ত রসের ব্যবস্থা রাখতে হবে। তবে এডাল্লিউডি পদ্ধতি ব্যবহার করা উত্তম।

৮. রোগ বালাই ও পোকামাকড় দমনঃ ব্রি ধান৮৮ এ রোগ বালাই ও পোকামাকড়ের আক্রমণ প্রচলিত জাতের চেয়ে অনেক কম হয়। তবে রোগবালাই ও পোকা মাকড়ের আক্রমণ দেখা দিলে বা আক্রান্ত বেশি হলে অনুমোদিত বালাইনাশক প্রয়োগ করতে হবে।

৯. ফসল কাটাঃ ২৫ চৈত্র থেকে ৩ বৈশাখ (৮-১৬ এপ্রিল) ধান কাটার উপযুক্ত সময়।

আরো তথ্যও জন্যঃ

পরিচালক (গবেষণা), ব্রি, গাজীপুর-১৭০১ ই-মেইলঃ dr@brr1.gov.bd

অধিবেশন ২: মডিউল ২
ফ্যাঙ্ক শীট